গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

প্রধান কার্যালয়

৪১, সেগুনবাগিচা , ঢাকা-১০০০

www.dnc.gov.bd

**মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত উপ-কমিটিসমূহের কার্যক্রম অগ্রগতি সম্পর্কিত পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ হাসান মারুফ<br>মহাপরিচালক |
| সভার তারিখ ও সময় | : | ০৯ জুন ২০২৬, সকাল: ১০.৩০ টা। |
| স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-২)। |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক' সংযুক্ত। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক ২৬ জুন ২০২৬ এর গুরুত্ব তুলে ধরেন এবং এ দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভাকে কীভাবে সফল ও সুন্দরভাবে আয়োজন করা যায় সে বিষয়ে মতামত দেয়ার জন্য সংশ্লিষ্ট উপকমিটিসমূহের সদস্যদের নিকট অনুরোধ জানান। উপকমিটির সদস্যগণ এ বিষয়ে মতামত দেন এবং তাদের মতামতের ভিত্তিতে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনার বিষয় | আলোচনা এবং সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কমকর্তা |
|---|---|---|---|
| ১. | জাতীয় পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ | ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে জাতীয় পত্রিকায় মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী, সিনিয়র সচিব স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং মহাপরিচালক মহোদয়ের বাণী সম্বলিত বিশেষ ক্রোড়পত্র আগামী ১৫/০৬/২০২৬ তারিখের মধ্যে প্রস্তুত করতে হবে। | সার্বিক দায়িত্বে থাকবেন –<br>১) উপপরিচালক, জেলা কার্যালয়, ঢাকা<br>২) সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)<br>৩) সহকারী পরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা |
| ২. | স্যুভেনির, বার্ষিক ড্রাগ রিপোর্ট, মাদকবিরোধী স্টিকার প্রকাশ ও বিতরণ | ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে স্যুভেনির, বার্ষিক ড্রাগ রিপোর্ট, মাদকবিরোধী স্টিকার ইত্যাদি ছাপাতে হবে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ, ও প্রয়োজনীয় দপ্তরসমূহে ২০/০৬/২০২৬ তারিখের মধ্যে বিতরণ নিশ্চিত করতে হবে। | সার্বিক দায়িত্বে থাকবেন –<br>১) পরিচালক (নিরোধ শিক্ষা)<br>২) উপপরিচালক (নিরোধ শিক্ষা)<br>৩) সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)<br>৪) সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা) |

| | | | |
|---|---|---|---|
| ৩. | বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য ইলেকট্রনিক মিডিয়ায় মাদকবিরোধী স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, টিভিসি, নাটক-নাটিকা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন | ক) ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে জেলা ওঃ বিভাগীয় গুরুত্বপূর্ণ স্থানে ২০২৫ সালের থিমসং ও ডকুমেন্টারি প্রদর্শন নিশ্চিত করতে হবে। | সার্বিক দায়িত্বে থাকবেন –<br>১) অতিরিক্ত মহাপরিচালক<br>২) উপপরিচালক (নিরোধ শিক্ষা)<br>৩) সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)<br>৪) প্রোগ্রামার |
| ৪. | বেতারে মাদকবিরোধী অনুষ্ঠান প্রচার | ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে বাংলাদেশ বেতারে মাদকবিরোধী অনুষ্ঠান ২৬ জুনের পূর্বেই রেকর্ডিং করে ২৬ জুন তারিখে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সার্বিক দায়িত্বে থাকবেন –<br>১। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা<br>২। উপপরিচালক ঢাকা মেট্রোঃ উত্তর/দক্ষিণ। |
| ৫. | মাদকাসক্তি নিরাময় কেন্দ্রভিত্তিক কাউন্সেলিং ও সচেতনতামূলক কর্মসূচি পালন | ক) মাদকাসক্তি নিরাময় কেন্দ্রভিত্তিক কাউন্সেলিং ও সচেতনতামূলক কর্মসূচি পালন নিশ্চিত করতে হবে।<br><br>খ) ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে সরকারি ও বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহে কর্মসূচি পালন নিশ্চিত করতে হবে। | সার্বিক দায়িত্বে থাকবেন –<br>১। সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)<br>২। সহকারী পরিচালক, ঢাকা মেট্রোঃ (উত্তর/দক্ষিণ) কার্যালয়<br>৩। উপকমিটির সকল কর্মকর্তা |
| ৬. | আপ্যায়ন (নাশতা এবং মধ্যাহ্নভোজ ) | ক) র‍্যালিতে অংশগ্রহণকারী ৪০০০ জনের (প্রায়) জন্য বিস্কুট ও পানির ব্যবস্থা করতে হবে।<br><br>খ) ওসমানী মিলনায়তনের অভ্যন্তরে আলোচনা সভায় আগত অতিথিদের (অধিদপ্তর ব্যতীত)দের জন্য লাঞ্চ প্যাকেট এর ব্যবস্থা করতে হবে। ১৫০০টি কমন লাঞ্চ বক্সের ব্যবস্থা করতে হবে।<br><br>গ) আমন্ত্রিত বিশেষ (ভিআইপি) অতিথিবৃন্দের জন্য ওসমানী মিলনায়তনের অভ্যন্তরে বিশেষ নাশতার ব্যবস্থা থাকবে। | ক) র‍্যালিতে অংশগ্রহণকারীদের নিকট নাস্তা পৌঁছে দেওয়ার দায়িত্বে থাকবেন –<br>১। উপপরিচালক (প্রশাসন)<br>২। উপপরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা<br>৩। সহকারী পরিচালক (কমন সার্ভিস)<br>৪। সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা<br>৫। সহকারী পরিচালক (গোয়েন্দা)।<br><br>খ) আগত অতিথিদের (অধিদপ্তর ব্যতীত)দের জন্য মধ্যাহ্নভোজ নিশ্চিতের দায়িত্বে থাকবেন -<br>১। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা<br>২। পরিদর্শক রমনা, ধানমন্ডি, তেজগাঁও, কোতোয়ালি, সূত্রাপুর, মতিঝিল, উত্তরা, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা।<br><br>গ) আমন্ত্রিত বিশেষ (ভিআইপি) অতিথিবৃন্দের জন্য নাস্তা নিশ্চিতের দায়িত্বে থাকবেন উপপরিচালক, জেলা কার্যালয়, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| | | ঘ) আমন্ত্রিত বিশেষ (ভিআইপি) অতিথিবৃন্দের জন্য স্টেজের ডায়াসে বিশেষ নাস্তার ব্যবস্থা থাকবে।<br><br>ঙ) বিশেষ (ভিআইপি) অতিথিবৃন্দের মধ্যাহ্নভোজের ব্যবস্থা থাকবে যা অতিথিবৃন্দের গাড়িতে পৌঁছে দেওয়া হবে। ১০০টি ভিআইপি লাঞ্চ বক্সের ব্যবস্থা রাখতে হবে। | ঘ) আমন্ত্রিত বিশেষ (ভিআইপি) অতিথিবৃন্দের জন্য স্টেজের ডায়াসে নাস্তা নিশ্চিতের দায়িত্বে থাকবেন –<br>১। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>২। সহকারী পরিচালক (প্রশাসন)<br>৩। সহকারী পরিচালক (কমন সার্ভিস)<br><br>ঙ) বিশেষ (ভিআইপি) অতিথিবৃন্দের মধ্যাহ্নভোজ নিশ্চিতের দায়িত্বে থাকবেন -<br>১। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা<br>২। উপপরিচালক ঢাকা মেট্রোঃ উত্তর/দক্ষিণ। |
| ৭. | প্রেস ব্রিফিং ও মিডিয়া ব্যবস্থাপনা | ক) প্রতি বছরের ন্যায় এবছরও ২৫/০৬/২০২৬ তারিখে প্রেস ব্রিফিং এবং ৭৩ টি বেসরকারি নিরাময় কেন্দ্রকে অনুদানের চেক প্রদানের অনুষ্ঠান স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। | ক.১) ঢাকা মেট্রোঃ উত্তর/দক্ষিণ এবং ঢাকা জেলার অধীন যেকোন ১০ টি অনুদান গ্রহণকারী প্রতিষ্ঠানের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করবেন –<br>১। সহকারী পরিচালক ঢাকা মেট্রোঃ উত্তর/দক্ষিণ/ ঢাকা জেলা কার্যালয়।<br><br>ক.২) প্রেস ব্রিফিং ও মিডিয়া ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন –<br>১। উপপরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা<br>২। সহকারী পরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা। |
| | | খ) স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয়ের দপ্তর, সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর, সাংবাদিক এবং আগত অন্যান্য অতিথিবৃন্দের জন্য আপ্যায়নের আয়োজন করতে হবে। | খ) আপ্যায়ন ব্যবস্থাপনার দায়িত্বে থাকবেন –<br>১। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা<br>২। উপপরিচালক ঢাকা মেট্রোঃ উত্তর/দক্ষিণ |
| | | গ) প্রেস ব্রিফিং আয়োজনের জন্য ইতিমধ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ২৫/০৬/২০২৬ তারিখে কখন অনুষ্ঠানটি হবে তা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক নিশ্চিত হতে হবে। | গ) ২৫/০৬/২০২৬ তারিখে কখন অনুষ্ঠানটি হবে তা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক নিশ্চিত করবেন –<br>১) পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)<br>২) সহকারী পরিচালক ঢাকা মেট্রোঃ উত্তর/দক্ষিণ। |

| | | | |
|---|---|---|---|
| ৮. | গুরুত্বপূর্ণ সড়কে প্রচারণামূলক ব্যানার স্থাপন | ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে গুরুত্বপূর্ণ সড়কে ব্যানার স্থাপন করা হবে। ইভেন্ট ম্যানেজমেন্টের সাথে সমন্বয় করে এ বিষয়ে কার্যক্রম পরিচালনা করতে হবে। | সার্বিক দায়িত্বে থাকবেন –<br>১) উপপরিচালক (নিরোধ শিক্ষা)<br>২) সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)<br>৩)সহকারী পরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা<br>৪) সহকারী পরিচালক ঢাকা মেট্রোঃ উত্তর/দক্ষিণ |
| ৯. | ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে ভেন্যু সজ্জিতকরণ এবং রিহার্সাল অনুষ্ঠান | ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে ভেন্যু সজ্জিতকরণের নিমিত্ত ২৪ জুন সন্ধ্যায় ভেন্যু বুঝে নেওয়া হবে এবং ২৫ জুন ভেন্যুতে রিহার্সাল অনুষ্ঠিত হবে। আলোচনা সভার ভেন্যু সজ্জিতকরণের লক্ষ্যে মূল ব্যানার, ফেস্টুন, গেইট ইত্যাদি তৈরির বিষয়ে ইভেন্ট ম্যানেজমেন্ট কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে চূড়ান্ত করা হবে। | সার্বিক ব্যবস্থাপনায় থাকবেন –<br>১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। পরিচালক, প্রশাসন<br>৩। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা<br>৪। উপপরিচালক (নিরোধ শিক্ষা)<br>৫। উপপরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা<br>৬। সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা)<br>৭। সহকারী পরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা |
| ১০. | প্রধান অতিথিসহ বিশেষ অতিথিদের অভ্যর্থনা এবং প্রটোকল প্রদান | ক) ২৬ জুন ২০২২ উদযাপন উপলক্ষ্যে প্রধান অতিথিসহ বিশেষ অতিথিদের আগমন ও প্রস্থানের সময় প্রটোকল নিশ্চিতকরণ। | ক.১) মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয়ের প্রোটকলের দায়িত্বে থাকবেন অতিরিক্ত মহাপরিচালক।<br><br>ক.২) সিনিয়র সচিব মহোদয়ের প্রোটকলের দায়িত্বে থাকবেন পরিচালক (প্রশাসন)।<br><br>ক.৩) প্রধান অতিথিসহ বিশেষ অতিথিদের অভ্যর্থনায় অধিদপ্তরের মহাপরিচালকসহ কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের চীফ কন্সাল্ট্যান্ট, বিভাগীয় কার্যালয় ঢাকার অতিরিক্ত পরিচালক, স্টাফ অফিসার টু ডিজি উপস্থিত থাকবেন।<br><br>ক.৪) এছাড়াও, অন্যান্য ভিআইপি অতিথিদের প্রোটকলের দায়িত্বে থাকবেন উপপরিচালক (সকল), প্রধান কার্যালয় ও ঢাকা মেট্রো: কার্যালয় (উত্তর/দক্ষিণ) |

| | | | |
|---|---|---|---|
| ১১. | মাদকবিরোধী বন্ধন, মাদকবিরোধী র‍্যালি ও উদ্বোধন কর্মসূচী বাস্তবায়ন | ক) মাদকবিরোধী বন্ধন ও র‍্যালিতে ১। স্কাউট, ২। গার্লস গাইড, ৩। পুলিশের ব্যান্ড দল, ৪। এনজিও ও ৫। বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানের সদস্যরা অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠানকে জাঁকজমকপূর্ণ করে থাকে। এসকল প্রতিষ্ঠানের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে পত্র প্রদান করে রুট এবং সময় নিশ্চিত করতে হবে।<br><br>খ) অংশগ্রহণকারীদের শ্রেনিবদ্ধকরণ এবং সকলকে রুট অনুযায়ী পরিচালনা করার মাধ্যমে সুষ্ঠুভাবে র‍্যালি এবং বন্ধন ব্যবস্থাপনা করতে হবে এবং সামগ্রিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে। মাদকবিরোধী র‍্যালি এবং বন্ধনে শৃঙ্খলা নিশ্চিত করার জন্য হ্যান্ডমাইক ব্যবহার করতে হবে।<br><br>গ) জরুরি চিকিৎসা সেবা প্রদানে ফার্স্ট এইড বক্সসহ অন্যান্য ব্যবস্থাদি নিশ্চিত করতে হবে।<br><br>ঘ) ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উদ্বোধনের জন্য উদ্বোধনী বেলুনের ব্যবস্থা থাকতে হবে। | ক.১) প্রতিষ্ঠানসমূহকে পত্র প্রদানের দায়িত্ব পালন করবেন উপপরিচালক (নিরোধ শিক্ষা)<br>ক.২) মাদকবিরোধী র‍্যালি এবং বন্ধনে স্কাউট এবং গার্লস গাইডের উপস্থিতি নিশ্চিতকরণের দায়িত্বে থাকবেন সহকারী পরিচালক ঢাকা মেট্রোঃ দক্ষিণ।<br><br>খ) সুষ্ঠুভাবে মাদকবিরোধী র‍্যালি এবং বন্ধন ব্যবস্থাপনার দায়িত্বে থাকবেন –<br>১। উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা<br>২। উপপরিচালক, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র<br>৩। পরিদর্শক, রমনা সার্কেল, পরিদর্শক, কোতোয়ালি সার্কেল।<br><br>গ) জরুরি চিকিৎসা সেবা প্রদানে ফার্স্ট এইড বক্সসহ অন্যান্য ব্যবস্থাদি নিশ্চিতকরণের দায়িত্বে থাকবেন – উপপরিচালক, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময়, কেন্দ্র।<br><br>ঘ) উদ্বোধনের জন্য বেলুনসহ যাবতীয় ব্যবস্থাপনার দায়িত্বে থাকবেন পরিদর্শক, উত্তরা সার্কেল। |
| ১২. | অধিদপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার বিতরণ। | ক.১) অধিদপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় এবং র‍্যালি অনুষ্ঠানে বিজয়ীদের পুরস্কার বিতরণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ক.২) আলোচনা সভায় সম্প্রতি মাদক অভিযানে গুলিবিদ্ধ ঢাকা মেট্রোর খিলগাঁও সার্কেলের পরিদর্শক জনাব মোঃ ছিদ্দিকুর রহমানকে তার বীরত্বের স্বীকৃতিস্বরূপ সম্মাননাসূচক ক্রেস্ট প্রদান করতে হবে। | ক) সার্বিক ব্যবস্থাপনায় থাকবেন –<br>১। উপপরিচালক, ঢাকা মেট্রো (উত্তর) কার্যালয়<br>২। উপপরিচালক, জেলা কার্যালয়, ঢাকা<br>৩। উপপরিচালক, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র<br>৪। উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)<br>৫। সহকারী পরিচালক(অর্থ ও হিসাব)<br>৬। সহকারী পরিচালক (অপারেশনস্) |

| | | | |
|---|---|---|---|
| | | খ) চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণের সময় বিজয়ীদের অংকিত ছবিগুলো এবং পরিদর্শক জনাব মোঃ ছিদ্দিকুর রহমানকে ক্রেস্ট প্রদানের সময় তার গুলিবিদ্ধ হওয়ার স্থিরচিত্র স্টেজের এলইডি স্ক্রিনে প্রদর্শন করতে হবে। | খ) স্টেজের এলইডি স্ক্রিনে স্থিরচিত্র প্রদর্শনের দায়িত্বে থাকবেন –<br>১। উপপরিচালক (অপারেশনস্)<br>২। প্রোগ্রামার<br>৩। সহকারী প্রোগ্রামার |
| ১৩. | আমন্ত্রিত অতিথিদের তালিকা ও দাওয়াত কার্ড প্রস্তুত | ২৬ জুন ২০২২ উদযাপন উপলক্ষ্যে আমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুতপূর্বক তালিকা অনুযায়ী দাওয়াত কার্ড আগামী ২৪/০৬/২০২২ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | সার্বিক ব্যবস্থাপনায় থাকবেন –<br>১। পরিচালক, প্রশাসন<br>২। উপপরিচালক (নিরোধ শিক্ষা)<br>৩। প্রোগ্রামার<br>৪। সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা) |
| ১৪. | প্রধান অতিথিসহ বিশেষ অতিথিদের আমন্ত্রণ পৌঁছানো | প্রধান অতিথিসহ বিশেষ অতিথিদের আমন্ত্রণ জানানোর জন্য অধিদপ্তরের সহকারী পরিচালক হতে তদুর্দ্ধ কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে যোগাযোগ করে দাওয়াতকার্ড হস্তান্তর ও তাদের উপস্থিতি নিশ্চিত করবেন। | ১) মহাপরিচালক মহোদয় প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বরাষ্ট্রমন্ত্রীর কার্যালয়, মন্ত্রীপরিষদ সচিব, মুখ্য সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর দাওয়াত কার্ড বিতরণ করবেন।<br><br>২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে দাওয়াত কার্ড প্রদানের দায়িত্ব পালন করবেন অতিরিক্ত মহাপরিচালক।<br><br>৩) পুলিশের আইজিপি, বর্ডার গার্ড বাংলাদেশ, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, কারা অধিদপ্তর, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী এর মহাপরিচালক, এপিবিএন এর অতিরিক্ত আইজিপি, ঢাকার বিভাগীয় কমিশনার, ঢাকার রেঞ্জ ডিআইজি, ডিএমপি কমিশনার মহোদয়বৃন্দের দাওয়াত কার্ড প্রদানের দায়িত্ব পালন করবেন পরিচালক (প্রশাসন)।<br><br>৪) বাংলাদেশ কোস্ট গার্ড, র‌্যাব, এনএসআই, ডিজিএফআই, এনটিএমসি এর মহাপরিচালক মহোদয়বৃন্দের দাওয়াত কার্ড প্রদানের দায়িত্ব পালন করবেন অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা)। |

| | | | |
|---|---|---|---|
| | | | ৫) ঢাকার জেলা প্রশাসক, পুলিশ সুপার এবং এসবি, সিআইডি, ডিবি এর প্রধানদের দাওয়াত কার্ড প্রদানের দায়িত্ব পালন করবেন উপপরিচালক (প্রশাসন)।<br><br>৬) অন্যান্য অতিথিবৃন্দের দাওয়াত কার্ড প্রদানের দায়িত্ব পালন করবেন বিভাগীয় কার্যালয়, ঢাকা, জেলা কার্যালয়, ঢাকা, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা, মেট্রোঃ উত্তর এবং মেট্রোঃ দক্ষিণ কার্যালয়ের সহকারী পরিচালক হতে তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ। |
| ১৫. | মাদকবিরোধী সাংস্কৃতিক অনুষ্ঠান | ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষে মাদকবিরোধী সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। | সার্বিক দায়িত্বে থাকবেন –<br>১। উপপরিচালক (অপারেশনস)<br>২। উপপরিচালক ঢাকা মেট্রোঃ দক্ষিণ<br>৩। উপপরিচালক (প্রশাসন)<br>কার্যক্রম তদারকি করবেন পরিচালক (প্রশাসন) |
| ১৬. | মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা | সারাদেশে মাদকবিরোধী নিয়মিত অভিযান পরিচালনা চলমান আছে কিনা তা মনিটরিং করতে হবে। | মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনার উপকমিটি |
| ১৭. | ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন ওসমানী মিলনায়তনে মাদকবিরোধী স্টল বরাদ্দ | ক) এ বিষয়ে আগ্রহী এনজিও, নিরাময়কেন্দ্রের প্রতিনিধিবৃন্দ এবং ইভেন্ট ম্যানেজমেন্টের সাথে আলোচনা করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | সার্বিক ব্যবস্থাপনায় থাকবেন –<br>১। পরিচালক, প্রশাসন<br>২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা<br>৩। উপপরিচালক, ঢাকা মেট্রো (দক্ষিণ/উত্তর) কার্যালয়<br>৪। উপপরিচালক (নিরোধ শিক্ষা)<br>৫। উপপরিচালক, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা |

০৩। উপকমিটিসমূহের সদস্যগণ এবং উপর্যুক্ত আলোচনার মাধ্যমে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারিগণ সমন্বিতভাবে বর্ণিত কার্যক্রমসমূহ সুষ্ঠুভাবে পরিচালনা করবেন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসান মারুফ
০৯/০৬/২০২৪

(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৭.২৩.০১৩(খন্ড-৩).১৯-২৫৯ তারিখঃ ০৯/০৬/২০২৬

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ যুগ্মসচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ)

২. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা

৩. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা

৪. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/ সিলেট/ ময়মনসিংহ/রংপুর/অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

৫. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো (উত্তর/দক্ষিণ/জেলা/ঢাকা বিভাগীয়/বিভাগীয় গোয়েন্দা) কার্যালয়, ঢাকা

৬. উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

৭. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

৮. রেসিডেন্ট সাইক্রিয়াট্রিস্ট-১ ও ২, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা

৯. সিনিয়র কনসালটেন্ট (সাইক)/রিহ্যাবিলিটেশন কর্মকর্তা/মেডিকেল অফিসার/বিভাগীয় নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর

১০. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১১. সহকারী পরিচালক (কমন সার্ভিস/প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা/গবেষণা ও প্রকাশনা/ অর্থ ও হিসাব / গোয়েন্দা /জনসংযোগ/ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন), প্রধান কার্যালয়, ঢাকা

১২. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা/ঢাকা মেট্রো কার্যালয় (উত্তর/দক্ষিণ)

১৩. সহকারী রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা

১৪. সহকারী পরিচালক (স্টাফ অফিসার টু ডিজি) (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৫. পরিদর্শক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো কার্যালয় (উত্তর/দক্ষিণ)/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা

১৬. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৭. জনাব..........................................................................................................................

১৮. অফিস কপি/মাস্টার ফাইল

০৯/০৬/২০২৬

(মোঃ আবুল কালাম আজাদ)
পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা)
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২- ২২৬৬৬৪৪০৩